



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৮৫০

তারিখ: ৩০/১১/২০১৭ খ্রি:।


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের স্মারক নং-৬৮, তাঃ- ০২/০২/২০১৭ মূলে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি পরিদর্শনপূর্বক পরিদর্শনকৃত সমিতির WCSসহ পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ স্বাপেক্ষে বেতন-ভাতা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে উপজেলায় দায়িত্বপ্রাপ্ত প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ WCSসহ সমিতি পরিদর্শন প্রতিবেদন সফটকপি যথাসময়ে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করায় নিম্নবর্ণিত উপজেলার এআরডিও ব্যতীত অন্যান্যদের নভেম্বর/১৭ মাসের বেতন-ভাতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অভয়নগর	চৌগাছা	বোরহানউদ্দিন	কালীগঞ্জ	কলারোয়া
মুলাদী	মনপুরা			

২। উল্লেখ্য সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), জীবননগর কর্তৃক প্রেরিত WCS এ পূর্ববর্তী মাসে প্রেরণকৃত WCS এর মধ্যে তথ্য বিকৃত/মুছে পুনরায় প্রেরণ এবং সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা বাবুগঞ্জ কর্তৃক প্রেরণকৃত WCS এবং পূর্ববর্তী মাসে প্রেরণকৃত WCS এ সুফলভোগীদের স্বাক্ষর একই হাতের লেখা এবং একই কলম দ্বারা করা পরিলক্ষিত হওয়ায় প্রমাণিত হয় আপনারা দুইজনের কেউ নিয়মিত সমিতি পরিদর্শন করেন না তাই পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপনাদের বেতন-ভাতা স্থগিত থাকবে।

৩। বর্ণিত উপজেলাসমূহের ARDO-দের বেতন-ভাতা প্রদান করা হলে সংশ্লিষ্ট উপজেলার আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)

প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

০১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
০৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা., জেলাঃ.....।
০৪. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা., জেলাঃ.....।
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।